

যুগান্তর

‘এইচএসসি’ পাশ গালিব বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতৃত্বে!

রাবি প্রতিনিধি

০৪ জুন ২০২৪, ২২:৫৬:১৬ | [অনলাইন সংস্করণ](#)



রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) আন্তর্জাতিক সম্পর্ক বিভাগে ২০১৪-১৫ শিক্ষাবর্ষে ভর্তি হয়েছিলেন শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসাদুল্লা-হিল-গালিব। তবে প্রথম বর্ষে উত্তীর্ণ হলেও টপকাতে পারেননি দ্বিতীয় বর্ষ। ড্রপ আউট হয়ে ছাত্রত্ব হারান তিনি।

এরপর এক বেসরকারি বিশ্ববিদ্যালয়ের স্নাতক ডিগ্রির ‘ভূয়া সনদ’ দেখিয়ে বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাক্ষ্যকালীন মাস্টার্সে ভর্তির আবেদন করেন। তবে বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, স্নাতকোত্তর সার্টিফিকেটে অসঙ্গতি থাকায় গত বছরের সেপ্টেম্বরে তার ভর্তি বাতিল করা হয়েছে।

অর্থাৎ তিনি স্নাতক পাশ করতে পারেননি, আবার সাক্ষ্যের মাস্টার্স কোর্সেও ‘ভূয়া সনদ’র জন্য ভর্তি বাতিল হয়েছে। এখন প্রশ্ন উঠেছে, আসাদুল্লা-হিল-গালিব কি তাহলে ইন্টারমিডিয়েট (এইচএসসি) পাশ করে বিশ্ববিদ্যালয় ছাত্রলীগের নেতৃত্ব দিচ্ছেন?

মঙ্গলবার দুপুরে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সভাপতি অধ্যাপক মো. মোজাম্মেল হোসেন বকুল স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব তথ্য জানানো হয়েছে।

বিশ্ববিদ্যালয় সূত্রে জানা যায়, বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের ২৬তম সম্মেলন হওয়ার আগ থেকে তিনি নিজেকে বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাক্ষ্য মাস্টার্স কোর্সের ছাত্র বলে দাবি করতেন।

তবে খোঁজ নিয়ে জানা যায়, গালিব ঢাকার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ‘ভুয়া সনদ’ দেখিয়ে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগে ভর্তির আবেদন করেছিলেন। এরপর বিভাগের ভুয়া ছাত্রত্বের পরিচয় দিয়ে বাগিয়েছেন বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদকের পদ।

বিভাগের বিজ্ঞপ্তিতে বলা হয়েছে- রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. আসাদুল্লা-হিল-গালিব গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাক্ষ্য মাস্টার্স প্রোগ্রামের জুলাই ২০২১ সেশনের ছাত্র হিসেবে ভর্তির আবেদন করেছিলেন। তবে তার জমাকৃত অনার্সের সার্টিফিকেটে অসঙ্গতি পরিলক্ষিত হওয়ায় সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয় থেকে বিষয়টি যাচাইপূর্বক ২০২৩ সালের ৪ সেপ্টেম্বর অনুষ্ঠিত বিভাগের সাক্ষ্য মাস্টার্স প্রোগ্রামের জরুরি সভায় ভর্তি বাতিলের সর্বসম্মত সিদ্ধান্ত হয়।

এছাড়া বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, সম্প্রতি কয়েকটি গণমাধ্যমে এ মর্মে সংবাদ প্রকাশিত হয়েছে যে, রাজশাহী বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক মো. আসাদুল্লা-হিল-গালিব ঢাকার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ‘ভুয়া সনদে’ রাজশাহী বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সাক্ষ্য মাস্টার্স কোর্সে ভর্তি হয়েছেন; যা আংশিক ও অসম্পূর্ণ তথ্য।

এ বিষয়ে জানতে চাইলে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের সভাপতি অধ্যাপক মোজাম্মেল হোসেন বকুল গণমাধ্যমকে বলেন, সম্প্রতি আমরা বিভিন্ন গণমাধ্যমে দেখতে পাই ছাত্রলীগের সাধারণ সম্পাদককে আমাদের বিভাগের সাক্ষ্য মাস্টার্স কোর্সের শিক্ষার্থী বলে দাবি করা হচ্ছে। কিন্তু তার অনার্সের সার্টিফিকেটে অসঙ্গতি থাকার কারণে তাকে বিভাগে ভর্তি নেওয়া হয়নি। এ বিষয়টি সবাইকে জানাতে এ বিজ্ঞপ্তিটি প্রচার করা হয়েছে।

এ ব্যাপারে জানতে বিশ্ববিদ্যালয়ের শাখা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আসাদুল্লা-হিল-গালিবকে একাধিকবার ফোন করা হলেও তিনি সাড়া দেননি।

সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৩০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ব স্বত্বাধিকার সংরক্ষিত

এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।

Developed by **The Daily Jugantor** © 2024

